দৈনিক
ইত্তেফাক

তারিখ 14 JUN 2016
পৃষ্ঠা ... কলাম ...

# বানারীপাড়ায় ঝড়ে বিধ্বস্ত স্কুল মেরামত হয়নি

## অর্ধ-বার্ষিক পরীক্ষা নিয়ে অনিশ্চয়তা!

■ বানারীপাড়া (বরিশাল) সংবাদদাতা

বরিশালের বানারীপাড়ায় হঠাৎ ঘূর্ণিঝড়ে দক্ষিণ নাজিরপুর মাধ্যমিক বিদ্যালয় বিধ্বস্ত হওয়ায় পাঠদান কার্যক্রম বন্ধ হয়ে গেছে। গত শনিবার গভীর রাতে বিদ্যালয়ের আসবাবপত্রসহ তিন কক্ষ বিশিষ্ট কাঠ ও টিনের তৈরি শ্রেণিকক্ষ সম্পূর্ণ বিধ্বস্ত হয়। এদিকে শ্রেণিকক্ষ না থাকায় বিদ্যালয়ের তিন শতাধিক শিক্ষার্থীর আগামী অর্ধবার্ষিক পরীক্ষা নিয়ে অনিশ্চয়তা দেখা দেওয়ায় উদ্বিগ্ন সংশ্লিষ্টরা।

ইতোঃপূর্বে সন্ধ্যা নদীর করাল গ্রাসে বিদ্যালয়ের পাকা ভবনটি বিলীন হলে পাশের জমিতে কাঠ ও টিন দিয়ে দুটি শ্রেণিকক্ষ নির্মাণ করে বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম চলছিল। পরে ২০০৭ সালে আবারো ঘূর্ণিঝড় সিডর ও ঘূর্ণিঝড় আইলার তাণ্ডবে বিদ্যালয়ের শ্রেণিকক্ষ ভেঙে গেলে মেরামত করে এতদিন কোনো রকমে শিক্ষার্থীদের পাঠদান করা হচ্ছিল। গত শনিবার রাতে বিদ্যালয়টি বিধ্বস্ত হলে পাঠদান কার্যক্রম বন্ধ হওয়ায় বিপাকে পড়েছে শিক্ষার্থীরা।

রবিবার সকালে উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ শহীদুল ইসলাম ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি গোলাম সালেহ মঞ্জু মোল্লা ক্ষতিগ্রস্ত বিদ্যালয়টি পরিদর্শন করেছেন। বিদ্যালয়ের শিক্ষক, অভিভাবক, শিক্ষার্থী ও এলাকাবাসী অবিলম্বে বিদ্যালয়ের শ্রেণিকক্ষ নির্মাণ করে সমস্যা সমাধানের পাশাপাশি স্থায়ীভাবে বহুতল পাকা ভবন নির্মাণের দাবি জানিয়েছেন।